গবেষণা নীতিমালা-২০২৫, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

নিপোর্ট

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।

সূচিপত্র

ক্রম	অধ্যায়	আলোচ্য বিষয়	পৃষ্ঠা
১	প্রথম	প্রারম্ভিক	১
২	দ্বিতীয়	নিপোর্ট গবেষণা ও সার্ভের উদ্দেশ্য এবং কার্যপরিধি	২
৩	তৃতীয়	গবেষণা ও সার্ভের কার্যক্রম বাস্তবায়ন	৪
৪	চতুর্থ	এককভাবে নিজস্ব ব্যবস্থাপনায় নিপোর্ট কর্তৃক পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম	৫
৫	পঞ্চম	নির্বাচিত গবেষণা প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম	৭
৬	ষষ্ঠ	যৌথ উদ্যোগে বা অর্থায়নে পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম	৮
৭	সপ্তম	Institutional Review Board (IRB) এর গঠন ও কাজ	৮
৮	অষ্টম	গবেষণা ও সার্ভে কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা	৯
৯	নবম	নিপোর্ট গবেষণা ইউনিটের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রম	১০
১০	দশম	ডেটা সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্বাত্বাধিকার	১০
১১	একাদশ	গবেষণা নীতিমালা প্রয়োগ ও পরিবর্তন এবং অন্যান্য	১১
১২	পরিশিষ্ট-১	গবেষণার চাহিদাপত্রের নমুনা	১৩
১৩	পরিশিষ্ট-২	Technical Working Committee (TWC)	১৪
১৪	পরিশিষ্ট-৩	Stakeholder Advisory Committee (SAC)	১৬
১৫	পরিশিষ্ট-৪	Institutional Review Board (IRB) Application Form	১৭

প্রথম অধ্যায়: প্রারম্ভিক

১.১ প্রস্তাবনা

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জনসংখ্যা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক নীতিনির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে গবেষণা ও সার্ভের ফলাফলের মাধ্যমে কার্যকর অবদান রেখে চলেছে। গবেষণা ও সার্ভের গুণগত মান, নৈতিকতা ও কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে নিপোর্ট-এর একটি সমন্বিত ও যুগোপযোগী গবেষণা নীতিমালা প্রণয়ন করা হলো, যা গবেষণা ও সার্ভের কার্যক্রম পরিচালনার জন্য দিকনির্দেশনা হিসেবে কাজ করবে। এ নীতিমালাটি গবেষণা ও সার্ভের পরিকল্পনা প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন, পরিবীক্ষণ, ফলাফল ব্যবস্থাপনা ও নৈতিক অনুশাসনসহ সংশ্লিষ্ট প্রতিটি স্তরে মান ও জবাবদিহিতা নিশ্চিত করবে।

১.২ শিরোনাম ও প্রবর্তন

এ নীতিমালাটি ‘গবেষণা নীতিমালা-২০২৫, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)’ নামে অভিহিত হবে, যা সংক্ষেপে ‘নিপোর্ট গবেষণা নীতিমালা-২০২৫’ হিসেবে পরিচিত হবে। এ গবেষণা নীতিমালাটি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার তারিখ থেকে কার্যকর হবে।

১.৩ সংজ্ঞা

১.৩.১ ‘নিপোর্ট’ বলতে ‘জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট’-কে বুঝাবে।

১.৩.২ ‘নীতিমালা’ বলতে ‘গবেষণা নীতিমালা-২০২৫, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)’-কে বুঝাবে।

১.৩.৩ ‘গবেষণা’ বলতে নীতিমালার অনুচ্ছেদ ২.২.১ এর অধীন পরিচালিত কার্যক্রম-কে বুঝাবে।

১.৩.৪ ‘সার্ভে’ বলতে নীতিমালার অনুচ্ছেদ ২.২.২ এর অধীন পরিচালিত কার্যক্রম-কে বুঝাবে।

১.৩.৫ ‘গবেষণা ইউনিট’ বলতে নিপোর্ট-এর ‘গবেষণা ইউনিট’-কে বুঝাবে।

১.৩.৬ ‘উন্নয়ন সহযোগী’ বলতে এমন ব্যক্তি, প্রতিষ্ঠান বা দেশসমূহ-কে বুঝাবে যে বা যারা আর্থ-সামাজিক উন্নয়ন, জনসংখ্যা, স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, অবকাঠামো, পরিবেশ বা অন্যান্য খাতে কোনো দেশ বা সংস্থাকে আর্থিক, কারিগরি বা নীতিগত সহায়তা প্রদান করে থাকে।

১.৩.৭ ‘দেশীয় গবেষণা সংস্থা বা প্রতিষ্ঠান’ বলতে এমন সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ-কে বুঝাবে যারা বাংলাদেশের অভ্যন্তরে গঠিত ও পরিচালিত এবং স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিসহ অন্যান্য বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে।

১.৩.৮ ‘নির্বাচিত গবেষণা প্রতিষ্ঠান’ বলতে নিপোর্ট কর্তৃক পরিচালিতব্য গবেষণা ও সার্ভের কার্যক্রম বাস্তবায়নের জন্য হালনাগাদকৃত পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস্ অনুযায়ী নির্বাচিত প্রতিষ্ঠান-কে বুঝাবে।

১.৩.৯ ‘যৌথ গবেষণা বা সার্ভে’ বলতে গবেষণা বা সার্ভে কার্যক্রমের সম্পূর্ণ প্রক্রিয়ার একটি নির্ধারিত অংশ নিপোর্ট-এর নিজস্ব ব্যবস্থাপনায় এবং অবশিষ্ট অংশ পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস্ অনুযায়ী নির্বাচিত প্রতিষ্ঠান বা কনসালটেন্ট-এর মাধ্যমে সম্পাদিত গবেষণা বা সার্ভে-কে বুঝাবে।

১.৪ নীতিমালার উদ্দেশ্য

(ক) জনসংখ্যা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি খাতে তথ্যভিত্তিক নীতিনির্ধারণ ও পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়াকে শক্তিশালী করা।

(খ) গবেষণা ও সার্ভে কার্যক্রমের গুণগত মান, নৈতিকতা ও স্বচ্ছতা নিশ্চিত করা।

(গ) একটি সমন্বিত, যুগোপযোগী ও সুশৃঙ্খল গবেষণা ও সার্ভে কাঠামো গড়ে তোলা, যা গবেষণা ও সার্ভে কার্যক্রমের ধারাবাহিকতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

(ঘ) গবেষণা ও সার্ভে সংশ্লিষ্ট কার্যক্রমে সম্পৃক্ত গবেষক, কর্মকর্তা ও জনবলের দক্ষতা বৃদ্ধি ও সক্ষমতা উন্নয়নে কার্যকর ও যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করা।

(ঙ) গবেষণা ও সার্ভে কার্যক্রমে উদ্ভাবন, নতুন জ্ঞান সৃষ্টি ও প্রযুক্তির ব্যবহার উৎসাহিত করা।

(চ) গবেষণা ও সার্ভের ফলাফলকে ডিজিটাল ডেটাবেইস ও তথ্যভান্ডার হিসেবে সংরক্ষণ করে নীতিনির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও সাধারণ জনগণের জন্য সহজলভ্য করা।

(ছ) গবেষণা ও সার্ভের অর্থায়ন, সম্পদ ব্যবহার ও ব্যয় ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

(জ) গবেষণা ও সার্ভের ফলাফলকে নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে সহায়ক ভিত্তি হিসেবে ব্যবহার করে জনসচেতনতা বৃদ্ধি, কার্যকর কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে ইতিবাচক সামাজিক পরিবর্তনের উপকরণ হিসেবে ব্যবহার করা।

(ঝ) গবেষণা ও সার্ভের মাধ্যমে জাতীয় পর্যায়ে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের হালনাগাদ তথ্য উপস্থাপন করার মাধ্যমে উক্ত খাতসমূহ ও তাদের সাথে সংশ্লিষ্ট খাতসমূহের, যেমনঃ শিক্ষা, অর্থনীতি ও পরিবেশ-এর অগ্রগতিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অবদান রাখা।

দ্বিতীয় অধ্যায়: নিপোর্ট গবেষণা ও সার্ভের উদ্দেশ্য এবং কার্যপরিধি

২.১ নিপোর্ট গবেষণা ও সার্ভের উদ্দেশ্য

২.১.১ মুখ্য উদ্দেশ্য

গবেষণা ও সার্ভের মাধ্যমে জনসংখ্যা, জনস্বাস্থ্য ও পুষ্টি খাতের কর্মসূচি ব্যবস্থাপক, পরিকল্পনা প্রণয়নকারী, সেবা গ্রহণকারী, গবেষক ও প্রশিক্ষকদের কর্মসূচি মনিটর ও মূল্যায়ন এবং পরিকল্পনা প্রণয়ন ও নতুন কর্মসূচি গ্রহণের জন্য বিষয়ভিত্তিক সূচকের হালনাগাদ তথ্য প্রদান করা এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তথ্য ভান্ডার হিসেবে কাজ করা।

২.১.২ সুনির্দিষ্ট উদ্দেশ্য

(ক) জাতীয় পর্যায়ে জনসংখ্যা, জনস্বাস্থ্য, স্বাস্থ্য সেবা ও পুষ্টি এবং স্বাস্থ্য সুবিধা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা ও সার্ভে কার্যক্রম পরিচালনা করা এবং প্রাপ্ত ফলাফলগুলোর মাধ্যমে সরকারের নীতি নির্ধারণে সহায়তা করা।

(খ) স্বাস্থ্য খাতের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে সাম্প্রতিক সময়ের জন্য প্রযোজ্য ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রশিক্ষণের গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের উপর গবেষণা ও সার্ভে কার্যক্রম পরিচালনা করা এবং এ সংক্রান্ত গবেষণা ও সার্ভের ফলাফলের ভিত্তিতে স্বাস্থ্য খাতে দক্ষ জনবল তৈরি ও প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য সরকারকে প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করা।

(গ) গবেষণা ও সার্ভে কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সমস্যা ও চাহিদা চিহ্নিত করে নীতি নির্ধারণ ও বাস্তবায়নে সহযোগিতা করা।

(ঘ) জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী সংস্থা ও অন্যান্য অংশীজনদের সাথে যৌথ গবেষণা ও সার্ভে পরিচালনা করা।

(ঙ) নিপোর্ট কর্তৃক পরিচালিত গবেষণা ও সার্ভের তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও ডিজিটাল স্টোরেজে পুনঃব্যবহার উপযোগী অবস্থায় সংরক্ষণ ও উন্মুক্ত করা।

(চ) বিভিন্ন গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনে গবেষণা ও সার্ভেলব্ধ ফলাফল ও উপাত্ত নিপোর্টের অনুমতি সাপেক্ষে পুনঃব্যবহারের জন্য সরবরাহ করা।

২.২ নিপোর্ট গবেষণা ও সার্ভের কার্যপরিধি

বিভিন্ন বিষয়ে সমসাময়িক ও সময়োপযোগী গবেষণা ও সার্ভে পরিচালনা করা।

২.২.১ নিপোর্ট গবেষণার কার্যপরিধি

এ নীতিমালার আওতায় নিপোর্ট গবেষণার কার্যপরিধি হবে নিম্নরূপ-
(ক) গবেষণার মাধ্যমে স্বাস্থ্য, জনসংখ্যা, মা ও শিশু মৃত্যু, এবং ফার্টিলিটি বিষয়ক বিভিন্ন সূচক সম্পর্কে নিয়মিতভাবে তথ্য প্রকাশ করা।
(খ) প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা এবং এর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবার মান উন্নয়নে সহায়তা করা।
(গ) জাতীয় ও বিভাগীয় পর্যায়ে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সংশ্লিষ্ট কর্মসূচির সূচকসমূহ পরিবীক্ষণ করা।
(ঘ) জনমিতিক ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত হালনাগাদ তথ্য প্রকাশ করা।
(ঙ) পুষ্টি, মা ও শিশুর অপুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ক বিভিন্ন সূচক সম্পর্কে নিয়মিতভাবে তথ্য প্রকাশ করা।
(চ) জাতীয় ও বিভাগীয় পর্যায়ে মানবসম্পদ উন্নয়ন ও মূল্যায়ন সম্পর্কিত তথ্য প্রকাশ করা।
(ছ) জলবায়ু পরিবর্তনজনিত স্বাস্থ্যঝুঁকি, নগরায়ণ ও অভিবাসনের স্বাস্থ্যগত প্রভাব, প্রবাসী কর্মীদের স্বাস্থ্যসুরক্ষা এবং জাতীয় ও বৈশ্বিক জরুরি স্বাস্থ্য সংকট ও মানসিক স্বাস্থ্যসহ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি খাতে উদীয়মান চ্যালেঞ্জসমূহ সম্পর্কিত গবেষণা।
(জ) স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি ও প্রশিক্ষণ খাতে ডিজিটাল প্রযুক্তি, টেলিমেডিসিন, ই-লার্নিং, তথ্যব্যবস্থাপনা এবং উদ্ভাবনী প্রযুক্তির কার্যকারিতা, ব্যবহারিক প্রয়োগ এবং প্রভাব মূল্যায়নও নিপোর্টের গবেষণায় গুরুত্বপূর্ণ ক্ষেত্র হবে।
(ঝ) স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি, পরিবার পরিকল্পনা ও এতদসংশ্লিষ্ট খাতের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি ও সক্ষমতা উন্নয়নে প্রদত্ত প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকারিতা মূল্যায়ন করা।
(ঞ) যুগোপযোগী প্রশিক্ষণ কৌশল, কারিকুলাম উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ পদ্ধতি প্রবর্তন করার লক্ষ্যে চাহিদা মূল্যায়ন (Need Assessment) ভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা নিপোর্ট গবেষণার অন্যতম ক্ষেত্র।
(ট) জাতীয় স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি, আন্ত:খাতভিত্তিক নীতি ও কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়া, কার্যকারিতা ও প্রভাব মূল্যায়ন সংক্রান্ত গবেষণা।

২.২.২ সার্ভের কার্যপরিধি

এ নীতিমালার অধীন নিপোর্ট প্রতি বছর নিম্নবর্ণিত সার্ভেসমূহের মধ্য হতে নিপোর্টের সুপারিশের ভিত্তিতে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নির্ধারিত সংখ্যক জাতীয় পর্যায়ের সার্ভে পরিচালনা করবে-

(ক) Bangladesh Demographic and Health Survey (BDHS);

(খ) Bangladesh Maternal Mortality and Health Care Survey (BMMS);

(গ) Bangladesh Health Facility Survey (BHFS);

(ঘ) Urban Health Survey (UHS);

(ঙ) Utilization of Essential Services Delivery (UESD) Survey;

(চ) Bangladesh Adolescent Health and Well-being Survey (BAHWS);

(ছ) Bangladesh Diagnostic Facility Survey (BDFS).

এছাড়াও সময়ের চাহিদা অনুযায়ী অংশীজনদের সাথে আলোচনা বা পরামর্শের মাধ্যমে নিপোর্ট জাতীয়ভাবে অগ্রাধিকার ভিত্তিক গুরুত্বপূর্ণ বিষয়ে সার্ভে ও গবেষণা কার্যক্রম পরিচালনা করবে।

তৃতীয় অধ্যায়: গবেষণা ও সার্ভের কার্যক্রম বাস্তবায়ন

৩.১ স্বতন্ত্র গবেষণা ইউনিট

এ নীতিমালার আওতায় নিপোর্ট-এর গবেষণা ও সার্ভে কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের জন্য একটি স্বতন্ত্র ও সমৃদ্ধ গবেষণা ইউনিট থাকবে। সময়ের চাহিদা ও প্রয়োজন বিবেচনায় এ গবেষণা ইউনিটের বিদ্যমান কাঠামোকে পর্যায়ক্রমে সম্প্রসারণ, সক্ষমতা বৃদ্ধি ও টেকসই রূপদান করা হবে, যাতে নিপোর্ট অধিকতর কার্যকর ও ফলপ্রসূ গবেষণা ও সার্ভে কার্যক্রম সম্পাদন করতে সক্ষম হয়।

৩.২ গবেষণা ও সার্ভের বিষয় নির্ধারণ

প্রতি অর্থ বছরের শুরুতে সমসাময়িক গুরুত্বপূর্ণ, বিষয়ভিত্তিক ও সুনির্দিষ্ট গবেষণা ও সার্ভের বিষয় নির্ধারণ করার উদ্যোগ গ্রহণ করা হবে। এ লক্ষ্যে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করা হবে -

ধাপ-১: গবেষণা ও সার্ভের বিষয় নির্ধারণ করার লক্ষ্যে বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় থেকে সমসাময়িক ও গুরুত্বপূর্ণ বিষয়ে গবেষণা ও সার্ভের চাহিদা সংগ্রহ করা হবে (পরিশিষ্ট-১: চাহিদাপত্রের নমুনা)।

ধাপ-২: সংগৃহীত চাহিদার উপর ভিত্তি করে গবেষণা ইউনিট কর্তৃক আয়োজিত কর্মশালার মাধ্যমে সংশ্লিষ্ট নীতি নির্ধারক, পরিকল্পনা প্রণয়নকারী ও গবেষক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণের মাধ্যমে গবেষণা ও সার্ভের বিষয় বা শিরোনামসমূহ অগ্রাধিকার ভিত্তিতে প্রাথমিকভাবে নির্ধারণ করা হবে।

ধাপ-৩: গবেষণা ও সার্ভের বিষয়সমূহ প্রাথমিকভাবে নির্ধারণের পর অর্থ বরাদ্দ ও প্রাপ্তি সাপেক্ষে অধিকতর গুরুত্বপূর্ণ গবেষণা ও সার্ভের বিষয় বা শিরোনামসমূহ নির্ধারিত অর্থ বছরে গবেষণা ও সার্ভের জন্য চূড়ান্তভাবে নির্ধারণ বা নির্বাচন করা হবে।

৩.৩ বার্ষিক গবেষণা ও সার্ভে পরিকল্পনা

গবেষণা ইউনিট প্রাথমিক ভাবে নির্ধারিত গবেষণা ও সার্ভের বিষয়সমূহ থেকে অধিকতর গুরুত্বপূর্ণ গবেষণা ও সার্ভের বিষয় নির্বাচনের লক্ষ্যে মহাপরিচালক, নিপোর্ট এর সভাপতিত্বে একটি কর্মশালার আয়োজন করবে যেখানে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের গবেষক বা বিশেষজ্ঞ এবং গবেষণা ইউনিটের সকল কর্মকর্তা উপস্থিত থাকবেন। কর্মশালায় উক্ত অর্থ বছরে কোন কোন গবেষণা ও সার্ভে সম্পূর্ণ বা আংশিকভাবে পরিচালিত হবে সে বিষয়ে একটি বার্ষিক পরিকল্পনা প্রস্তুত করা হবে।

৩.৪ গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

গবেষণা ইউনিট প্রাথমিক ভাবে নির্ধারিত গবেষণা ও সার্ভের বিষয়সমূহ থেকে অধিকতর গুরুত্বপূর্ণ গবেষণা ও সার্ভের বিষয় বা শিরোনামসমূহ অর্থ বরাদ্দ ও প্রাপ্তি সাপেক্ষে নির্বাচন করার লক্ষ্যে মহাপরিচালক, নিপোর্ট এর সভাপতিত্বে গবেষণা শাখার সকল কর্মকর্তার সমন্বয়ে ’গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়ন পরিকল্পনা কমিটি’ শীর্ষক এক কমিটি গঠন করা হবে যার সদস্য সচিব হবেন পরিচালক (গবেষণা)। উক্ত কমিটির কর্মপরিধি হবে নিম্নরূপ-

(ক) কমিটি গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়নের জন্য নিমোক্ত তিনটি (০৩) বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন-

i জনবল নিয়োগের মাধ্যমে নিপোর্টের নিজস্ব ব্যবস্থাপনায় গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়ন (বিস্তারিত: চতুর্থ অধ্যায়);
ii পিপিআর অনুযায়ী প্রতিষ্ঠান বা সংস্থা নির্বাচনপূর্বক গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়ন (বিস্তারিত: পঞ্চম অধ্যায়); এবং
iii যৌথ অর্থায়ন বা উদ্যোগে গবেষণা ও সার্ভে কার্যক্রম বাস্তবায়ন (বিস্তারিত: ষষ্ঠ অধ্যায়) ।

(খ) উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কমিটি এক বা একাধিক সভার আয়োজন করতে পারবে।

চতুর্থ অধ্যায়: এককভাবে নিজস্ব ব্যবস্থাপনায় নিপোর্ট কর্তৃক পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম

৪.১ গবেষণা ও সার্ভের ফোকাল পার্সন (Focal Person) নির্ধারণ

এ নীতিমালার আওতায় নিপোর্ট কর্তৃক পরিচালিতব্য গবেষণা ও সার্ভে কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রতিটি গবেষণা ও সার্ভে পরিচালনা করার জন্য গবেষণা ইউনিটের কর্মকর্তাগণের মধ্যে থেকে একজন ফোকাল পার্সন থাকবেন। এ লক্ষ্যে নিপোর্ট-এর গবেষণা ইউনিটের সকল কর্মকর্তার সমন্বয়ে, পরিচালক (গবেষণা)-এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করতে হবে। উক্ত সভায় কোন কোন গবেষণা বা সার্ভে পরিচালনার জন্য যোগ্যতা ও কর্মদক্ষতা বিবেচনায় নিয়ে কোন কোন কর্মকর্তা ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন তা নির্ধারণ করা হবে। উক্ত সভায় পরিচালক (গবেষণা) ফোকাল পার্সনদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। নির্দিষ্ট গবেষণা বা সার্ভের ফোকাল পার্সন উক্ত গবেষণা বা সার্ভের প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং প্রধান সমন্বয়ক হিসেবে তিনি নিম্নোক্ত কাজের সমন্বয় করবেন-

৪.১.১ স্যাম্পল (sample) সাইজ নির্ধারণ

ফোকাল পার্সন গবেষণা বা সার্ভের জন্য বরাদ্দকৃত অর্থ, গবেষণা বা সার্ভের উদ্দেশ্য ও ধরণ ইত্যাদি বিবেচনায় প্রতিটি গবেষণা বা সার্ভের জন্য নির্বাচিত বিষয়ে স্বতন্ত্র স্যাম্পলিং পদ্ধতি ও স্যাম্পল সাইজ এবং টার্গেট পপ্যুলেশন নির্বাচনের লক্ষ্যে পরিচালক (গবেষণা) এর সভাপতিত্বে গবেষণা ইউনিটের সকল কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষকবৃন্দ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর বা দপ্তর বা প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে এক বা একাধিক কর্মশালার আয়োজন করবেন।

৪.১.২ গবেষণা ও সার্ভের প্রস্তাবনা প্রস্তুতকরণ ও দাখিল

দায়িত্বপ্রাপ্ত প্রত্যেক ফোকাল পার্সন নিজ নিজ গবেষণা ও সার্ভের জন্য পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব প্রস্তুত করে সময় আবদ্ধ পরিকল্পনাসহ পরিচালক (গবেষণা) এর নিকট উপস্থাপন করবেন। পরিচালক (গবেষণা) অংশীজনদের অংশগ্রহণে আয়োজিত কর্মশালায় সকলের যৌক্তিক মতামতের ভিত্তিতে তা মূল্যায়ন, পরিবর্তন, পরিবর্ধন, পুণর্বিবেচনা ও চূড়ান্ত করবেন।

৪.১.৩ প্রশ্নপত্র প্রণয়ন, উন্নয়ন ও অনুমোদন প্রক্রিয়া

দায়িত্বপ্রাপ্ত প্রত্যেক ফোকাল পারসন নিজস্ব জনবলের সহায়তায় নিজ নিজ গবেষণা বা সার্ভের প্রাথমিক প্রশ্নপত্র তৈরি করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তা পরিচালক (গবেষণা)-এর নিকট উপস্থাপন করবেন। পরিচালক (গবেষণা)-এর সভাপতিত্বে গবেষণা

ইউনিটের সকল কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষকবৃন্দ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর বা দপ্তর বা প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে আয়োজিত এক বা একাধিক কর্মশালার মাধ্যমে প্রস্তুতকৃত প্রাথমিক প্রশ্নপত্র মূল্যায়ন ও সংশোধন কার্যক্রম সম্পন্ন করা হবে। পরবর্তীতে মূল্যায়নকৃত ও সংশোধিত প্রশ্নপত্র প্রি-টেস্ট-এর মাধ্যমে চূড়ান্ত করা হবে।

৪.২ অস্থায়ী জনবল নিয়োগ কার্যক্রম

৪.২.১ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ

নিজস্ব ব্যবস্থাপনায় গবেষণা বা সার্ভের আওতায় গবেষণা ইউনিট কর্তৃক নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে জনবল নিয়োগ করা হবে-

(ক) পরামর্শক (গবেষণা বা সার্ভের সম্পূর্ণ প্রক্রিয়ায় জড়িত থাকবেন বিশেষ করে ডেটা এনালাইসিস, প্রতিবেদন প্রণয়ন, সম্পাদনা ও রিভিউ-এর সহযোগিতা করবেন)
(খ) তথ্য সংগ্রহকারী / ফিল্ড ইনভেস্টিগেটর
(গ) সুপারভাইজার
(ঘ) কোয়ালিটি কন্ট্রোল/ ফিল্ড মনিটরিং অফিসার
(ঙ) ডেটা এডিটর/ কোডার
(চ) ডেটা এন্ট্রি অপারেটর (পেপার-বেজড/ম্যানুয়াল ডেটা সংগ্রহের ক্ষেত্রে)
(ছ) সফটওয়ার ম্যানেজমেন্ট স্পেশালিস্ট (অনলাইনবেসড তথ্য সংগ্রহের ক্ষেত্রে)
(জ) বায়োমার্কার টেকনিশিয়ান এবং
(ঝ) অন্যান্য

জনবল নিয়োগের লক্ষ্যে কমপক্ষে একটি বাংলা ও একটি ইংরেজি পত্রিকায় এবং নিপোর্টের ওয়েবসাইটে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন আহ্বান করা হবে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রত্যেক পদের জন্য যোগ্যতা, অভিজ্ঞতা, বেতন, প্রশিক্ষণ ভাতা, দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা সহ অন্যান্য সুযোগ-সুবিধা ও শর্তাবলী এবং আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময় সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে।

৪.২.২ আবেদনপত্র যাচাই-বাছাই ও মৌখিক পরীক্ষা

নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আগ্রহী প্রার্থীদের দাখিলকৃত আবেদনপত্র যাচাই-বাছাই করা হবে। মৌখিক পরীক্ষার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা নিপোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীদেরকে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে মহাপরিচালক, নিপোর্টের অনুমোদনক্রমে বোর্ড বা বোর্ডসমূহ গঠিত হবে এবং প্রতিটি বোর্ডের সদস্য সংখ্যা ও মোট বোর্ড সংখ্যা পরিচালক (গবেষণা)-এর পরামর্শ অনুযায়ী মহাপরিচালক, নিপোর্ট নির্ধারণ করবেন।

৪.২.৩ ফলাফল প্রস্তুতকরণ ও প্রকাশ

মৌখিক পরীক্ষা গ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে মেধাক্রম অনুযায়ী চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে এবং প্রস্তুতকৃত চূড়ান্ত ফলাফল পরিচালক (গবেষণা) মহাপরিচালক, নিপোর্ট এর নিকট উপস্থাপন করবেন। মহাপরিচালক, নিপোর্ট এর অনুমোদনক্রমে চূড়ান্ত ফলাফল নিপোর্ট ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের-কে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে ফলাফল অবহিত করা হবে।

৪.৩ প্রশিক্ষণ প্রদান এবং দায়িত্ব ও কর্তব্য বিষয়ে অবহিতকরণ

নিয়োগপ্রাপ্ত জনবলকে প্রশিক্ষণ প্রদান এবং তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হবে যেখানে সংশ্লিষ্ট গবেষণা ক্ষেত্রের গবেষকবৃন্দ, বিশেষজ্ঞবৃন্দ, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধিবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, গবেষণা ইউনিট, নিপোর্ট এর কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণ প্রদান করবেন।

৪.৪ গবেষণার ফিল্ড অপারেশন্স ও ম্যানেজমেন্ট

পরামর্শক এবং পরিচালক (গবেষণা) এর নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত গবেষণা কর্মকর্তা গবেষণার প্রতিটি ক্ষেত্রে গবেষণার উদ্দেশ্য বিবেচনায় নিয়ে প্রয়োজনে তথ্য সংগ্রহ টিম গঠন, লিস্টিং, স্যাম্পল ইউনিট সনাক্তকরণ, লজিস্টিকস্ সরবরাহ ও মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের প্রেরণ করবেন এবং তাদের কার্যক্রম মনিটরিং ও সুপারভিশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.৫ খসড়া প্রতিবেদন মূল্যায়ন ও চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ

খসড়া প্রতিবেদন পর্যালোচনা ও সুনির্দিষ্ট মতামতের ভিত্তিতে চূড়ান্তকরণের লক্ষ্যে পরিচালক (গবেষণা)-এর নির্দেশনা অনুযায়ী Technical Working Committee (TWC) (পরিশিষ্ট-২) এবং Stakeholder Advisory Committee (SAC) গঠন করবেন (পরিশিষ্ট-৩)। উক্ত কমিটিসমূহ কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত গবেষণা কর্মকর্তা ও রিপোর্ট এডিটর খসড়া প্রতিবেদন সংশোধন করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করবেন এবং প্রস্তুতকৃত চূড়ান্ত প্রতিবেদন পরিচালক (গবেষণা)-এর নিকট উপস্থাপন করবেন।

৪.৬ ডিসেমিনেশন

গবেষণা ও সার্ভের গুরুত্ব ও উপযোগিতা অনুযায়ী চূড়ান্ত প্রতিবেদনের ফলাফল বিভিন্ন গবেষক, বিশ্বদ্যিালয়ের শিক্ষক, নীতিনির্ধারক ও সংশ্লিষ্ট অংশীজনদের অবহিতকরণের লক্ষ্যে জাতীয় পর্যায়ে এবং ক্ষেত্র বিশেষে বিভাগীয় পর্যায়ে অবহিতকরণ বা ডিসেমিনেশন সেমিনারের আয়োজন করতে হবে। গবেষণা ও সার্ভের ফলাফল অবহিতকরণের সম্ভাব্য মাধ্যম হিসেবে কমর্শালা/ পলিসি ব্রিফ/ অনলাইন প্লাটফর্ম ইত্যাদি ব্যবহার করা হবে।

পঞ্চম অধ্যায়: নির্বাচিত প্রতিষ্ঠান বা সংস্থার মাধ্যমে পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম

গবেষণা ও সার্ভের জন্য প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে গবেষণা ও সার্ভে সংশ্লিষ্ট গবেষক বা বিশেষজ্ঞদের অন্তত আঁশি (৮০) শতাংশ উক্ত প্রতিষ্ঠানের স্থায়ী গবেষক বা বিশেষজ্ঞ হতে হবে এবং জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত জানার্লে তাদের গবেষণা ও সার্ভে সংশ্লিষ্ট প্রকাশনা থাকতে হবে। প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট গবেষণা বা সার্ভের ফোকাল পার্সন প্রস্তাবিত গবেষক বা বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ করে গবেষণা বা সার্ভে কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে তাদের নিকট থেকে মৌখিক এবং স্বাক্ষরযুক্ত লিখিত সম্মতি গ্রহণ করবেন।

৫.১ গবেষণা ও সার্ভের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতকরণ

নির্বাচিত প্রতিষ্ঠান বা সংস্থার মাধ্যমে গবেষণা ও সার্ভে কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে নির্দিষ্ট গবেষণা বা সার্ভের আওতায় সম্পাদিতব্য সম্পূর্ণ বা আংশিক কাজ উক্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে দেয়া যেতে পারে। তবে সে ক্ষেত্রে হালনাগাদকৃত পিপিএ ও পিপিআর অনুসরণ করতে হবে।

৫.২ অডিট এবং রেকর্ড

নির্বাচিত গবেষণা প্রতিষ্ঠান গবেষণা ব্যয় সংশ্লিষ্ট সকল ধরণের তথ্য ও ডকুমেন্টস অডিট বিধিমালা অনুযায়ী সংরক্ষন করবেন এবং তা প্রয়োজনে নিপোর্ট কে সরবরাহ করবেন। সকল ধরণের রেকর্ড ও প্রমাণাদি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ এবং সরকার কর্তৃক নির্ধারিত/মনোনীত যেকোনো সংস্থা বা প্রতিষ্ঠানের হিসাব ও নিরীক্ষা কার্যক্রমের অধীন হবে।

ষষ্ঠ অধ্যায়: যৌথ উদ্যোগে বা অর্থায়নে পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম

যৌথ উদ্যোগে বা অর্থায়নে গবেষণা ও সার্ভে পরিচালনার ক্ষেত্রে গবেষণা ইউনিট নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করবে-

(ক) প্রত্যেক যৌথ গবেষণার ক্ষেত্রে সহযোগী প্রতিষ্ঠান ও নিপোর্ট-এর মধ্যে একটি লিখিত সমঝোতা স্মারক (MoU) বা চুক্তিপত্র (Agreement) থাকবে যেখানে গবেষণার উদ্দেশ্য, কার্যপরিধি, সময়সীমা, দায়িত্ব বন্টন, অর্থায়নের ধরন ও ব্যয়ের বিবরণ এবং ডেটা সংরক্ষণ, ব্যবস্থাপনা, ব্যবহার, মালিকানা ও মেধস্বত্ব এর বিষয়ে উল্লেখ থাকবে।

(খ) ডেটা সংরক্ষণ ও নিরাপত্তায় এবং ডেটা ব্যবহারের ক্ষেত্রে দেশের বিদ্যমান আইন ও আন্তর্জাতিক মানদন্ড অনুসরণ করতে হবে।

(গ) গবেষণা ও সার্ভে সম্পন্ন হওয়ার পর গবেষণার সকল ডেটা ও মেটাডেটা নিপোর্ট এর তথ্যভান্ডারে সংরক্ষিত থাকতে হবে এবং ভবিষ্যতে ব্যবহারের নিয়ম চুক্তিতে স্পষ্ট করতে হবে।

(ঘ) শিক্ষা / গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) এর মাধ্যমে গবেষণা ও সার্ভে পরিচালনা করা যাবে।

সপ্তম অধ্যায়: Institutional Review Board (IRB)

৭.১ IRB এর গঠন ও কার্যপরিধি

গবেষণায় নৈতিক মানদন্ড ও আন্তর্জাতিক নির্দেশিকা অনুসরণ করে গবেষণার গুণগতমান, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উদ্দেশ্যে পরিচালক (গবেষণা)-কে আহ্বায়ক করে সর্বনিম্ন ১১ সদস্য বিশিষ্ট একটি Institutional Review Board (IRB) গঠিত হবে, যাদের মধ্যে বিভিন্ন ক্ষেত্রের (যেমন: জনসংখ্যাবিদ, পরিসংখ্যানবিদ, ট্রেনিং কারিকুলাম বিশেষজ্ঞ, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, স্বাস্থ্য বিশেষজ্ঞ, গবেষণাবিদ, জেন্ডার বিশেষজ্ঞ, সমাজবিজ্ঞানী, মনোবিজ্ঞানী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দুই জন প্রতিনিধি) প্রতিনিধি থাকবে। গঠনকৃত IRB-এর সদস্য মহাপরিচালক, নিপোর্ট এর অনুমোদনক্রমে মনোনীত হবেন।

৭.২ সভা আহ্বান ও সিদ্ধান্ত গ্রহণ

কোনো গবেষণার IRB-এর আবেদন জমার হওয়ার সর্বোচ্চ ১৫ দিনের মধ্য সভা আহ্বান করতে হবে। IRB সভায় উপস্থিত অধিকাংশ সদস্যের সম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হবে, তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কমপক্ষে ৫০ শতাংশ বা তদূর্ধ্ব সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে। প্রতি দুই মাসে বা জরুরি প্রয়োজনে বিশেষ সভার আয়োজন করা যেতে পারে। আবেদনের পরিপ্রেক্ষিতে IRB নিম্নোক্ত যে কোনো একটি সিদ্ধান্ত গ্রহণ ও অবগত করবে-

(ক) অনুমোদিত (Approved) – গবেষণা শুরু করা যাবে।

(খ) সংশোধনের সাপেক্ষে অনুমোদিত (Conditionally Approved) –সুপারিশকৃত বিষয় সংশোধন করে জমা দেয়ার পর গবেষণা শুরু করা যাবে।

(গ) পুনঃজমার জন্য ফেরত (Deferred) – বড় ধরনের সংশোধনের প্রয়োজন; নতুনভাবে জমা দিতে হবে।

(ঘ) প্রত্যাখ্যাত (Rejected) – গবেষণা নৈতিক দৃষ্টিকোণে গ্রহণযোগ্য নয়।

৭.৩ মূল্যায়ন প্রক্রিয়া

IRB মূল্যায়ন ফর্ম গবেষণা ইউনিট প্রস্তুত করবে এবং বোর্ড তা মূল্যায়ন করবে। সময়ের প্রয়োজনে IRB ফর্ম সংশোধন করা যাবে। IRB আবেদন মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়বস্তুসমূহ বিবেচ্য হবে-

(ক) গবেষণার উদ্দেশ্য ও পদ্ধতির নৈতিকতা।
(খ) অংশগ্রহণকারীদের সুরক্ষা ব্যবস্থা।
(গ) তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা।
(ঘ) বিশেষ ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর জন্য বাড়তি সুরক্ষা।
(ঙ) গবেষণা প্রটোকল
(চ) Informed Consent Form (বাংলা ও ইংরেজিতে)
(ছ) Data Collection Tools
(জ) Investigator's CV
(ঝ) Funding Details (যদি থাকে)
(ঞ) পূর্ণ গবেষণা প্রটোকল (বাংলা ও ইংরেজি)
(ত) অংশগ্রহণকারীর তথ্য সুরক্ষা পরিকল্পনা
(থ) নৈতিক বিবেচনা (ethical consideration) অংশ
(দ) গবেষক ও সহ-গবেষকদের জীবনবৃত্তান্ত (CV)
(ধ) পূর্ববর্তী IRB অনুমোদনের কপি (যদি থাকে)
(ন) প্রয়োজনীয় অনুবাদসহ যেকোনো টুলস (প্রশ্নপত্র, গাইড ইত্যাদি)

উপর্যুক্ত বিষয়সমূহ সম্বলিত একটি সুসংঘটিত IRB চেকলিস্ট ও ফরম থাকবে যার (পরিশিষ্ট-৪) ভিত্তিতে বোর্ড-এর সদস্যবৃন্দ তা মূল্যায়ন করবেন।

অষ্টম অধ্যায়: গবেষণা ও সার্ভে কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

৮.১ তহবিল গঠন ও উৎস

এ নীতিমালার আওতায় নিপোর্ট কর্তৃক পরিচালিতব্য গবেষণা ও সার্ভে কাযর্ক্রম সমূহ বাস্তবায়নের জন্য তহবিল গঠন করা হবে। উক্ত তহবিলের সম্ভাব্য উৎস্যসমূহ নিম্নরূপ-

(ক) পরিচালন বাজেটের আওতায় গবেষণা ও সার্ভের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ;
(খ) উন্নয়ন বাজেটের আওতায় গবেষণা ও সার্ভের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ; এবং
(গ) উন্নয়ন সহযোগী এবং দেশী বা বিদেশী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা ও সার্ভে পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

৮.২ গবেষণা ও সার্ভের অর্থ বরাদ্দ ও অর্থ ছাড় প্রক্রিয়া

নিপোর্ট কতৃক পরিচালিতব্য গবেষণা ও সার্ভের জন্য বরাদ্দকৃত অর্থ এবং উক্ত অর্থ ছাড় প্রক্রিয়া সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক বিধিবিধান অনুসরণ পূর্বক পরিচালিত হবে।

৮.৩ অডিট কার্যক্রম

গবেষণা ও সার্ভে বাবদ ব্যয়কৃত অর্থের জবাবদিহিতা কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ-এর নীতি অনুসরণ করে সম্পাদন করা হবে।

৮.৪ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ

নিপোর্ট কর্তৃক পরিচালিত গবেষণা ও সার্ভে কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে কোনো অডিট আপত্তি দেখা দিলে তা সরকারি আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক নিষ্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে গবেষণা ইউনিট নিপোর্টের প্রশাসন ও প্রশিক্ষণ ইউনিটের প্রয়োজনীয় সহযোগিতায় অডিট আপত্তি নিস্পত্তিকরণের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

নবম অধ্যায়: নিপোর্ট গবেষণা ইউনিটের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরে কার্যকর ও আন্তর্জাতিক মানসম্পন্ন গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গবেষণা ইউনিটের কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি অপরিহার্য হিসেবে বিবেচিত হবে। নিপোর্ট গবেষণা নীতিমালায় গবেষকদের দক্ষতা বৃদ্ধির জন্য কাঠামোগত নির্দেশনা হিসেবে দক্ষ, নৈতিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন গবেষক তৈরির লক্ষ্যে গবেষণা ইউনিটের কর্মকর্তাদের নিম্নবর্ণিত প্রশিক্ষণ প্রদানে নিপোর্ট কর্তৃক উদ্যোগ গ্রহণ করা যেতে পারে-

(ক) গবেষণা পদ্ধতি, গুণগত ও পরিমাণগত গবেষণা কৌশল, সার্ভে ডিজাইন, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা হবে।
(খ) আধুনিক পরিসংখ্যান সফটওয়্যার-এর ব্যবহার ও কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ডেটা বিশ্লেষণ টুলস এবং ভবিষ্যতে গবেষণা সেক্টরে আগত নতুন প্রযুক্তির বিষয়ে গবেষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে।
(গ) গবেষণা প্রতিবেদন প্রণয়ন, নীতি-সংক্ষেপ (policy brief) প্রস্তুতকরণ, বৈজ্ঞানিক লেখালেখি এবং গবেষণা প্রকাশনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
(ঘ) অনলাইন সার্ভে টুলস, বিগ ডেটা বিশ্লেষণ, জিআইএস (GIS) ও মোবাইল অ্যাপ-ভিত্তিক এবং সময়ের সাথে সাথে ভবিষ্যতে উদ্ভাবিত নতুন প্রযুক্তি নির্ভর ডেটা সংগ্রহের উপর গবেষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে।
(ঙ) সাইবার নিরাপত্তা ও তথ্য সুরক্ষা বিষয়ে গবেষকদের সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধি করা হবে।
(চ) দেশীয় ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানের সহযোগিতায় গবেষকদের উচ্চশিক্ষা, ফেলোশিপ, এবং বিশেষায়িত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান ও প্রয়োজনে আর্থিক সহযোগীতা প্রদান করা হবে।
(ছ) দেশীয় ও আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, পেশাজীবী সংগঠন এবং উন্নয়ন সহযোগীদের সাথে যৌথ গবেষণা ও প্রকাশনা কর্মসূচি চালু করা হবে।
(জ) আন্তর্জাতিক সেমিনার, কনফারেন্স, সিম্পোজিয়াম ও গবেষণা ফোরামে গবেষকদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা হবে।
(ঝ) গবেষণায় সততা, স্বচ্ছতা, ন্যায্যতা ও নৈতিক মান বজায় রাখতে গবেষকদের জন্য নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা হবে।
(ঞ) গবেষকদের আন্তর্জাতিক মানসম্পন্ন জার্নালে প্রবন্ধ প্রকাশ ও উপস্থাপনের জন্য বিশেষ প্রণোদনা ও সহায়তা প্রদান করা হবে।
(ট) জ্ঞান ব্যবস্থাপনা ও গবেষণা তথ্য বিনিময়ের জন্য NIPORT Research Knowledge Portal প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে।

দশম অধ্যায়: ডেটা সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং স্বত্বাধিকার

নিপোর্টের গবেষণা কার্যক্রমে সংগৃহীত তথ্যকে একটি জাতীয় সম্পদ হিসেবে সুরক্ষিত রাখা, সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করা, গোপনীয়তা বজায় রাখা এবং ভবিষ্যৎ গবেষণা ও নীতিনির্ধারণে পুনঃব্যবহার উপযোগী অবস্থায় সংরক্ষণ করা প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নলিখিত উদ্যোগ গ্রহণ করা যেতে পারে-

(ক) প্রতিটি গবেষণা ও সার্ভের প্রারম্ভে ডেটা সংগ্রহ, যাচাই, কোডিং, এন্ট্রি, বিশ্লেষণ ও সংরক্ষণে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদণ্ড অনুসরণ করে একটি ডেটা ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করতে হবে। গবেষণা বা সার্ভে থেকে প্রাপ্ত ডেটা, ফলাফল, প্রতিবেদন, তথ্য

সংগ্রহের উপকরণ, অপরিশোধিত (raw) ডেটা একটি কেন্দ্রীয় ডেটা রেপোজিটরিতে সংরক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। সময়ের প্রয়োজনে উক্ত রেপোজিটরি কে পর্যায়ক্রমে হালনাগাদ করে উন্নত প্রযুক্তি নির্ভর করে গড়ে তুলতে হবে।

(খ) নিপোর্টের উদ্যোগে পরিচালিত সকল গবেষণা ও সার্ভে থেকে সংগৃহীত সকল ডেটার প্রাতিষ্ঠানিক স্বত্বাধিকার হবে নিপোর্ট। তবে যৌথ গবেষণা ও সার্ভের ক্ষেত্রে ডেটার স্বত্বাধিকার ও ব্যবহার সমঝোতা স্মারক (MoU) বা চুক্তির শর্ত অনুযায়ী নির্ধারিত হবে।

(গ) নিপোর্টের উদ্যোগে পরিচালিত সকল গবেষণা ও সার্ভের তথ্য প্রকাশ ও পুনঃব্যবহারের ক্ষেত্রে নিপোর্ট-এর পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে। গবেষণা প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর অংশগ্রহণকারীদের পরিচয় প্রকাশ না করে নিপোর্ট-কে স্বত্বাধিকারের স্বীকৃতি (acknowledgement) দিয়ে নির্দিষ্ট শর্তে গবেষকবৃন্দ বা প্রতিষ্ঠানসমূহ ডেটা পুনঃব্যবহার করতে পারবে। ডেটা ব্যবহারের পূর্বে গবেষককে গবেষণার উদ্দেশ্য ও পরিকল্পনা নিপোর্টকে অবহিত করতে হবে।

একাদশ অধ্যায়: গবেষণা নীতিমালা প্রয়োগ ও পরিবর্তন এবং অন্যান্য

১১.১ নীতিমালার প্রাধান্য

এ নীতিমালা প্রণয়নের পূর্বে গবেষণা ইউনিটের ক্ষেত্রে জারিকৃত গবেষণা ও সার্ভে সংক্রান্ত কোনো পরিপত্র/অফিস স্মারক/অফিস আদেশ বা অনুরূপ নির্দেশনার কোনো অংশ এ নীতিমালার সাথে সাংঘর্ষিক হলে, এই নীতিমালা প্রাধান্য পাবে। তবে এই নীতিমালার কোনো অংশ বাংলাদেশ সরকার কর্তৃক প্রচলিত কোনো আইন বা বিধির সাথে সাংঘর্ষিক হলে, সে ক্ষেত্রে বাংলাদেশ সরকার কর্তৃক প্রচলিত আইন বা বিধি প্রাধান্য পাবে।

১১.২ নীতিমালার ব্যাখ্যা

(ক) এ নীতিমালায় কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে গবেষণা ইউনিট র্কতৃক সংশ্লিষ্ট বিষয়টির স্পষ্টীকরণ করা হবে।

(খ) এ নীতিমালায় উল্লেখ নেই এমন বিষয় উত্থাপিত হলে পরিচালক (গবেষণা) এর সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক এর অনুমোদনক্রমে উক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

১১.৩ বিরোধ নিষ্পত্তি ও আইনগত ব্যবস্থা

গবেষণা ও সার্ভে সংক্রান্ত কোনো বিরোধের ক্ষেত্রে নিপোর্ট-এর অভ্যন্তরীণ অভিযোগ নিষ্পত্তি কমিটির মাধ্যমে তা সমাধান করা হবে এবং প্রয়োজনে আইনি কাঠামোর আওতায় তা নিষ্পত্তি করা যেতে পারে। আন্তর্জাতিক গবেষণা সংস্থার সাথে যৌথ গবেষণা বা সার্ভে পরিচালনার ক্ষেত্রে এ ধরনের বিরোধের উৎপত্তি হলে সেক্ষেত্রে চুক্তিপত্র বা সমঝোতা স্মারক এবং বাংলাদেশ সরকারের প্রচলিত আইন অনুযায়ী বিরোধ নিষ্পত্তি করতে হবে।

১১.৪ নীতিমালার পরিবর্তন

পরিবর্তিত সময়ের চাহিদা অনুযায়ী কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য যদি গবেষণা নীতিমালায় কোনো পরিবর্তন, পরিমার্জন, সংযোজন ও পরিবর্ধনের প্রয়োজন দেখা দেয় তাহলে গবেষণা ইউনিটের সুপারিশের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিবর্তন, পরিমার্জন, সংযোজন ও পরিবর্ধন করা যাবে।

১১.৫ গবেষণা ও সার্ভে প্রতিবেদনের স্বত্ব

গবেষণা ইউনিট কর্তৃক পরিচালিত গবেষণা ও সার্ভে প্রতিবেদনের স্বত্ব নিপোর্ট এর নিকট ন্যস্ত থাকবে এবং এ ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও গ্রন্থস্বত্ব (Copyright) বিষয়ে হালনাগাদকৃত কপিরাইট আইন এবং এ সংক্রান্ত বাংলাদেশ সরকারের হালনাগাদকৃত অন্যান্য আইন এবং বিধি-বিধান অনুসরণ করতে হবে।

১১.৬ প্রকাশনার অধিকার সংরক্ষণ

কৌশলগত কারণে গোপন রাখা আবশ্যক এরূপ ডেটা প্রকাশ বা সরবরাহ না করার অধিকার গবেষণা ইউনিট সংরক্ষণ করবে এবং এ ক্ষেত্রে হালনাগাদকৃত তথ্য অধিকার আইনের বিধানাসমূহ প্রযোজ্য হবে।

১১.৭ ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ

(ক) এ নীতিমালা কার্যকর হওয়ার পর গবেষণা ইউনিট কর্তৃক ইংরেজিতে অনূদিত একটি র্নিভরযোগ্য কপি/সংস্করণ প্রকাশ করা হবে।

(খ) এ নীতিমালায় বাংলা ও ইংরেজি সংস্করণ-এর মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা প্রাধান্য পাবে।

পরিশিষ্ট-১: গবেষণার চাহিদাপত্রের নমুনা

Format for Priority-Based Research Demand

S.L.	Major research area	Research demand/proposed research topic	Expected out come	Contract person
1	Health system strengthening policy related.	1.	1.	
		2.	2.	
		3.	3.	
2	Population, Demographic and Development Issues.	1.	1.	
		2.	2.	
		3.	3.	
3	Training and Human Resource Related Issues.	1.	1.	
		2.	2.	
		3.	3.	
4	Need Assessment/Rapid Appraisal/Situation Analysis	1.	1.	
		2.	2.	
		3.	3.	
5	Health Service Utilization & Quality of Care, Service Access & Equity	1.	1.	
		2.	2.	
		3.	3.	

পরিশিষ্ট-২: Technical Working Committee (TWC)

২.১ কমিটির উদ্দেশ্য

নিপোর্ট কর্তৃক পরিচালিত ও বাস্তবায়িত গবেষনা ও সার্ভে কার্যক্রমের বৈজ্ঞানিক সঠিকতা, নৈতিকতা এবং আন্তর্জাতিক মান নিশ্চিত করণের লক্ষ্যে গবেষনা ও সার্ভে কার্যক্রমের কারিগরি দিকসমূহ যাচাই, পর্যালোচনা ও মূল্যায়ন করা এবং প্রয়োজনীয় সুপারিশসমূহ লিখিতভাবে Stakeholder Advisory Committee (SAC)-কে অবহিত করা।

২.২ কমিটির গঠন

সভাপতি: পরিচালক (গবেষণা), নিপোর্ট।
সদস্য: গবেষণা ইউনিটের গবেষক বা কর্মকর্তাবৃন্দ, নিপোর্টের প্রশাসন ও প্রশিক্ষণ ইউনিটের প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষণা সংস্থা বা প্রতিষ্ঠানের প্রতিনিধি, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি এবং গবেষণা বা সার্ভে সংশিষ্ট সরকারি বিভিন্ন দপ্তর বা সংস্থার প্রতিনিধি।
সদস্য সচিব: সংশ্লিষ্ট গবেষণা বা সার্ভের ফোকাল পারসন।
সদস্য সংখ্যা: সর্বমোট ১৫ জন।

২.৩ কমিটির কার্যাবলি ও দায়িত্বসমূহ

Technical Working Committee (TWC)-এর প্রধান কাজ হলো নিম্নোক্ত বিষয়সমূহ পর্যালোচনা ও মূল্যায়ন করে সংশ্লিষ্ট গবেষণা ও সার্ভের বিষয়ে Stakeholder Advisory Committee (SAC)-কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা।

(ক) গবেষণা বা সার্ভের Terms of Reference (ToR);

(খ) গবেষণা বা সার্ভের ক্ষেত্রে রিসার্স টুলস, যেমন: প্রশ্নপত্র, সাক্ষাৎকার নির্দেশিকা ইত্যাদি;

(গ) গবেষণা বা সার্ভের মেথডোলজি পর্যালোচনা ও মূল্যায়ন করা;

(ঘ) গবেষণা বা সার্ভের ডেটা সংগ্রহকালে কোয়ালিটি কন্ট্রোল;

(ঙ) গবেষণা বা সার্ভের প্রাপ্ত ডেটার ভিত্তিতে ডেটা বিশ্লেষণ ও ট্যাবুলেশন এবং ইন্টারপ্রিটেশন প্ল্যান;

(চ) গবেষণা ও সার্ভে সংক্রান্ত প্রয়োজনী অন্যান্য কার্যক্রম এবং ডকুমেন্টস্ বা প্রমাণাদি;

(ছ) খসড়া প্রতিবেদন;

(জ) চুড়ান্ত প্রতিবেদন;

(ঝ) গবেষণা ও সার্ভের কারিগরি দিক সংশ্লিষ্ট সকল বিষয়; এবং

(ঞ) Stakeholder Advisory Committee (SAC)-কে সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজনীয় কারিগরি ইনপুট প্রদান, ঝুঁকি সনাক্তকরণ ও সমাধান সুপারিশ করা।

২.৪ সভা, সিদ্ধান্ত, দায়বদ্ধতা ও কার্যকাল

TWC প্রতিটি গবেষণা বা সার্ভের কার্যক্রম চলাকালে অন্তত তিনবার সভা করবে। তবে প্রয়োজন অনুযায়ী সভাপতি জরুরি বৈঠক আহ্বান করতে পারবেন। সভার কার্যক্রম পরিচালনা বা কোরাম পূর্ণ হবে, যখন মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ উপস্থিত থাকবে। সিদ্ধান্ত গ্রহণে অধিকাংশ সদস্যের মতামত গ্রহণযোগ্য হবে।

TWC সরাসরি SAC-এর নিকট দায়বদ্ধ থাকবে এবং অনুমোদিত গবেষণা প্রস্তাব, অগ্রগতি প্রতিবেদন ও চূড়ান্ত প্রতিবেদন SAC-কে উপস্থাপন করতে হবে। কমিটির সদস্যদের কার্যকাল গবেষণা বা সার্ভের কার্যক্রম শুরু থেকে ডিসেমিনেশনের সময় পর্যন্ত বলবৎ থাকবে। দায়িত্ব পালনে অক্ষম

বা পদত্যাগকারী সদস্যের স্থলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নতুন সদস্য মনোনীত করতে পারবে। সভার আলোচ্য বিষয়, তথ্য ও সুপারিশসমূহ যথাযথভাবে গোপনীয় রাখাতে হবে।

সর্বোপরি, TWC নিপোর্টের গবেষণা ও সার্ভে কার্যক্রমের কারিগরি মেরুদণ্ড হিসেবে কাজ করবে, SAC-এর তত্ত্বাবধানে গবেষণার কারিগরি মান, পদ্ধতিগত দৃঢ়তা ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করবে এবং প্রমাণভিত্তিক নীতি-নির্ধারণে নিপোর্টকে আন্তর্জাতিক মান অনুসরণের ক্ষেত্রে শক্তিশালী করবে।

২.৫ অর্থের সংস্থান

TWC কমিটির সভার আয়োজন, সদস্যদের সম্মানী প্রদান ও আপ্যায়নবাবদ ব্যয়কৃত অর্থসহ কমিটির আনুষঙ্গিক ব্যয় সংশ্লিষ্ট গবেষণা বা সার্ভের জন্য বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে।

পরিশিষ্ট-৩: Stakeholder Advisory Committee (SAC)

৩.১ কমিটির উদ্দেশ্য

নিপোর্টের অধীনে পরিচালিত বা বাস্তবায়িত গবেষণা ও সার্ভে কার্যক্রমের সর্বোচ্চ তদারকি, অনুমোদন ও দিকনির্দেশনা প্রদানকারী কর্তৃপক্ষ হিসাবে গবেষণা বা সার্ভে কার্যক্রমের নৈতিকতা, বৈজ্ঞানিক সঠিকতা ও আন্তজার্তিক মান, নীতি-অগ্রাধিকারের সাথে সামঞ্জস্য ও ফলাফলের ব্যবহারযোগ্যতা নিশ্চিত করার লক্ষ্যে TWC কর্তৃক প্রদত্ত সুপারিশসমূহ অনুমোদন করা।

৩.২ কমিটির গঠন

সভাপতি: মহাপরিচালক, নিপোর্ট।
সদস্য: গবেষণা ইউনিটের গবেষক বা কর্মকর্তাবৃন্দ, নিপোর্টের প্রশাসন ও প্রশিক্ষণ ইউনিটের প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষণা সংস্থা বা প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগী সংস্থার বিশেষজ্ঞ এবং গবেষণা বা সার্ভে সংশিষ্ট সরকারি বিভিন্ন দপ্তর বা সংস্থার প্রতিনিধি। তবে TWC-এর অনধিক পাঁচ (০৫) জন সদস্য SAC-এর সদস্য হতে পারবেন।
সদস্য সচিব: পরিচালক (গবেষণা), নিপোর্ট।
সদস্য সংখ্যা: সর্বমোট ১১ জন।

৩.৩ কমিটির কার্যাবলি

Stakeholder Advisory Committee (SAC)-এর প্রধান কাজ হলো গবেষণা ও সার্ভে সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ মূল্যায়ন ও পর্যালোচনা করে সংশ্লিষ্ট গবেষণা ও সার্ভের বিষয়ে Stakeholder Advisory Committee (SAC)-কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা।

(ক) গবেষণা বা সার্ভের টুলস, যেমন: প্রশ্নপত্র, সাক্ষাৎকার নির্দেশিকা ইত্যাদি অনুমোদন করা।

(খ) গবেষণা বা সার্ভের মেথডোলজি রিভিউ অনুমোদন করা।

(গ) গবেষণা বা সার্ভের প্রাপ্ত ডেটার ভিত্তিতে ডেটা বিশ্লেষণ ও ট্যাবুলেশন এবং ইন্টারপ্রিটেশন প্ল্যান অনুমোদন করা।

(ঘ) গবেষণা বা সার্ভে সংক্রান্ত প্রয়োজনী অন্যান্য কার্যক্রম এবং দলিলাদি অনুমোদন করা।

(ঙ) খসড়া প্রতিবেদন অনুমোদন করা।

(চ) চুড়ান্ত প্রতিবেদন অনুমোদন করা।

৩.৪ SAC-এর সভা, সিদ্ধান্ত, দায়বদ্ধতা, কার্যকাল ও গোপনীয়তা

Stakeholder Advisory Committee (SAC) নিপোর্টের গবেষণা ও সার্ভে কার্যক্রমের সর্বোচ্চ তদারকি ও অনুমোদনকারী কমিটি হিসেবে গবেষণা বা সার্ভে কার্যক্রম চলাকালে সর্বোচ্চ তিনটি সভা করতে পারবেন। তবে, প্রয়োজন অনুসারে সভাপতি তিন এর অধিক এবং বিশেষ সভা আহ্বান করতে পারবেন। কমিটির সর্বনিম্ন ০৭ সদস্যের উপস্তিতিতে সভার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কোরাম পূর্ণ হবে। কমিটির সিদ্ধান্ত অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে গৃহীত হবে। SAC সরাসরি মহাপরিচালক, নিপোর্টের নিকট দায়বদ্ধ থাকবে এবং অনুমোদিত গবেষণা ও সার্ভে প্রতিবেদন, ফলাফল ও নীতিগত সুপারিশসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হবে। কমিটির সদস্যদের কার্যকাল গবেষণা বা সার্ভের কার্যক্রম শুরু থেকে ডিসেমিনেশনের সময় পর্যন্ত বলবৎ থাকবে। দায়িত্ব পালনে অক্ষম বা পদত্যাগকারী সদস্যের স্থলে কমিটির সদস্য সচিবের সুপারিশক্রমে সভাপতি নতুন সদস্য মনোনীত করতে পারবেন। সভার আলোচ্য বিষয়, গবেষণা তথ্য এবং নীতি সুপারিশ সংক্রান্ত সকল বিষয় যথাযথভাবে গোপনীয় রাখা রাখতে হবে।

পরিশিষ্ট-৪: Institutional Review Board (IRB) Application Form

People's Republic of Bangladesh
Ministry of Health and Family Planning
Medical Education and Family Welfare Division
National Institute of Population Research and Training
www.niport.gov.bd

Institutional Review Board (IRB) Application Form

(For Research Review and Ethical Clearance at NIPORT)

Section A: Administrative Information

1. Project Title	____
2. PI: Full Name	____
Designation	____
Institution/Organization	____
Contact (Email/Phone)	____
3. Co-Investigator(s)	Name(s), Designation(s), and Affiliation(s)
4. Funding Source(s)	Org/Agency: ________________ Grant No.: ___________
5. Proposed Duration	Start: ___ / ___ / ____ End: ___ / ___ / ____
6. Study Site(s)	____

Section B: Research Proposal Summary

1. Background and Rationale:

2. Objectives of the Study:
- Primary Objective(s):
- Secondary Objective(s):

3. Methodology:
- Study design
- Target population and sample size
- Inclusion and exclusion criteria
- Data collection methods
- Data analysis plan

Section C: Ethical Considerations

1. Informed Consent Process:
   - How will informed consent be obtained?
   - Written or verbal consent? (Attach consent forms in Bangla & English)
   - Process for participants unable to read/write.
2. Confidentiality and Privacy: Methods for protecting participant identity and data security.
3. Risk–Benefit Assessment:
   - Potential risks/discomfort to participants
   - Anticipated benefits for participants/society
   - Risk minimization strategies
4. Compensation and Reimbursement:
   - Participant compensation (if any)
   - Medical care for research-related injury
5. Vulnerable Populations:
   - Children, pregnant women, persons with disabilities, marginalized groups
   - Special safeguards and ethical considerations

Section D: Data and Material Management

1. Data Storage and Access:
   - Storage location and security
   - Access control
   - Retention period
2. Biological Samples (if applicable):
   - Collection, storage, disposal
   - Future use (if intended)
3. Publication and Dissemination Plan:
   - Responsible sharing of findings
   - Authorship and acknowledgment policy

Section E: Compliance and Declarations

1. Conflict of Interest Disclosure: Any personal, financial, or institutional conflicts.

2. Regulatory Compliance: Compliance with NIPORT, Government of Bangladesh, and international ethical standards (CIOMS, Helsinki, Belmont).

3. Investigator Declaration:
I hereby declare that the information provided in this application is accurate. I affirm that this study will be conducted in full compliance with ethical principles, NIPORT research policy, and IRB guidelines.

Name & Signature of
PI:____ Date: ___ / ___ / ____

Section F: Attachments Checklist

☐ Detailed Research Proposal
☐ Informed Consent Form (Bangla & English)
☐ Participant Information Sheet
☐ Questionnaire/Interview Guide/Data Collection Tools
☐ Investigator’s CV(s)
☐ Budget and Funding Source Document
☐ Any additional supporting materials

Section G: IRB Office Use Only

Application Number	____________________________
Date of Receipt	___ / ___ / _____
Review Type	☐ Exempt ☐ Expedited ☐ Full Board
IRB Decision	☐ Approved ☐ Conditional Approval ☐ Deferred ☐ Rejected
Comments/Conditions	____
Chair/Secretary, IRB	Name: _______________________ Signature: ______________ Date: ___/___/____